(ঘ) বিধি ২০ এর উপ-বিধি (১) এর

(অ) "এক মাসের" শব্দগুলি, দুই জায়গায় উল্লিখিত, এর পরিবর্তে "তিন" মাসের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে;

"তবে শর্ত থাকে যে সংশ্লিষ্ট কর্মচারীর পূর্ববর্তী কর্মস্থল হইতে আনুতোষিক তহবিল স্থানান্তর করা না হইলে, তাহার প্রাপ্য আনুতোষিক বা বিশেষ আনুতোষিক আনুপাতিক হারে সংশ্লিষ্ট পৌরসভা বা স্থানীয় কর্তৃপক্ষ প্রদান করিবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
অমিয়াংশু সেন
সচিব

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমীন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

**ফরম ‘খ’**

**[ বিধি ৮ (১) দ্রষ্টব্য ]**

**ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত টাকা প্রাপ্তির মনোনয়ন পত্র**

১। চাঁদাপ্রদানকারীর পরিবারের এক/ একাধিক সদস্য / সদস্যগণকে মনোনয়ন দান ঃ

আমার ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত টাকা পরিশোধযোগ্য হইবার পূর্বে, অথবা উহা পরিশোধযোগ্য হওয়া সত্ত্বেও পরিশোধিত না হওয়ার পূর্বে আমার মৃত্যুর ক্ষেত্রে উক্ত টাকা গ্রহণের জন্য আমি এতদ্বারা আমার পরিবারের নিম্নবর্ণিত সদস্য / সদস্যগণকে মনোনয়ন দান করিলাম ঃ

| মনোনীত সদস্য/ সদস্যগণের নাম ও ঠিকানা | চাঁদাপ্রদানকারীর সহিত সম্পর্ক | মনোনীত সদস্য একাধিক মনোনীত সদস্য/হইলে প্রত্যেকের প্রাপ্য সদস্যগণের বয়স অংশ (শতকরা হার) |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |

দুইজন স্বাক্ষীর নাম,
পদবী, ঠিকানা ও স্বাক্ষর

-------------------------------
চাঁদাদানকারীর স্বাক্ষর

১।
২।

নাম--------------------------
পদবী-------------------------
ঠিকানা------------------------
তারিখ-------------------------

তারিখ ঃ

২। চাঁদাপ্রদানকারীর পরিবার না থাকিলে এক / একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান ঃ

পৌরসভার কর্মচারী ভবিষ্য (তহবিল ও আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এর বিধি ২ (ঘ) তে প্রদত্ত সংজ্ঞা অনুসারে আমার কোন পরিবার নাই। আমার ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত টাকা পরিশোধ যোগ্য হইবার পূর্বে অথবা পরিশোধযোগ্য হওয়া সত্ত্বেও পরিশোধিত না হওয়ার পূর্বে আমার মৃত্যুর ক্ষেত্রে উক্ত টাকা গ্রহণের জন্য আমি এতদ্বারা নিম্নবর্ণিত ব্যক্তি/ব্যক্তিবর্গকে মনোনয়ন দান করিলাম ঃ

